"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫
www.dgfp.gov.bd

স্মারক নং-৫৯.১১.০০০০.১৫২.১১.০০২.২০-৮৯৮

তারিখ : ২৬ ফাল্গুন ১৪২৬ / ১০ মার্চ, ২০২০

**"পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV)" প্রশিক্ষণার্থী মনোনয়নের বিজ্ঞপ্তি**

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন রাজস্বখাতভুক্ত পরিবার কল্যাণ পরিদর্শিকার শূন্য পদের বিপরীতে ১৮ মাসব্যাপী পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ কোর্সে ভর্তি হতে ইচ্ছুক **কেবলমাত্র মহিলা প্রার্থীদের** মনোনয়ন প্রদান করা হবে। বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

| পদের নাম | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা। | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|
| পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV) প্রশিক্ষণার্থী<br>**(শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন)** | ১০৮০<br>(এক হাজার আশি) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। | টাঙ্গাইল, মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ, রাঙ্গামাটি,খাগড়াছড়ি, বান্দরবান, বাগেরহাট, ঝিনাইদহ,মাগুরা, নড়াইল,বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী ও বরগুনা জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। **তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |

**আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে :**

(১) ০১/০৩/২০২০ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(২) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

(৩) প্রার্থীর যোগ্যতা যাচাই : প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া নূন্যতম শর্তের সাথে অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত সকল সনদ/কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে :

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ) ;

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র ;

(গ) মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি ;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র, গেজেট, লাল মুক্তি বার্তা/ ভারতীয় তালিকার ফটোকপি দাখিল করতে হবে;

(চ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র ;

(ছ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদের সত্যায়িত অনুলিপি ;

(জ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

(৪) বর্ণিত পদের জন্য মোট ১১২/-(একশত বার) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] জমা দিতে হবে;

(৫) প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৬) এ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে মনোনয়ন প্রদান করতে বাধ্য থাকবেন না।

(৭) চূড়ান্তভাবে কৃতকার্য প্রশিক্ষণার্থীগণকে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে সংশ্লিষ্ট পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণে যোগদান করতে হবে। যোগদানের পূর্বে সিভিল সার্জন কর্তৃক শারীরিক সুস্থতা ও গর্ভবতী নয় মর্মে সনদপত্র দাখিল করতে হবে (গর্ভবতী হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে)।

(৮) মনোনীত প্রশিক্ষণার্থীকে বাংলাদেশের যে কোন পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ গ্রহণে বাধ্য থাকতে হবে।

(৯) যাবতীয় তথ্যাবলী, প্রশিক্ষণের সময়সীমা, প্রশিক্ষণার্থীর প্রদত্ত সুবিধা, প্রশিক্ষণ শেষে চাকুরিতে নিয়োগ পদ্ধতি, নির্বাচিত হওয়ার পর প্রশিক্ষণ কোর্সে যোগদানের স্থান, প্রয়োজনীয় নিয়মকানুন পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে অবহিত হওয়া যাবে।

(১০) আবেদনকারীগণ পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী হিসেবে মনোনীত হওয়ার পর ১৮ (আঠার) মাসের মৌলিক প্রশিক্ষণ সফলভাবে সমাপন এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল হতে সনদ প্রাপ্তি সাপেক্ষে পরিবার কল্যাণ পরিদর্শিকা হিসেবে নিয়োগ প্রাপ্ত হবেন।

(১১) কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

(১২) কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে যৌক্তিক/ আইনগত কারণে নিয়োগ স্থগিত/বাতিল করতে পারবেন।

(১৩) পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৪) এমসিকিউ/লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৫) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী-যেমন : আবেদন ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী ও অন্যান্য প্রযোজ্য শর্ত এবং পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে (**www.dgfp.gov.bd**) পাওয়া যাবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

(ক) আগ্রহী প্রার্থীগণ **http://dgfp.teletalk.com.bd** ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৬/০৩/২০২০, সকাল ১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৫/০৪/২০২০, বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online-এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘনপূর্বক কোন আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download পূর্বক সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID দেয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ **মোট ১১২/-(একশত বার) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।**

<u>SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমাদান প্রক্রিয়া:</u>

প্রথম SMS: DGFP<Space> User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে ।

উদাহরণ : DGFP ABCDEF

Reply: Applicant's Name, Tk. 112 will be charged as application fee, your PIN is 123456789. To Pay fee Type DGFP<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DGFP<Space>Yes<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

উদাহরণ : DGFP YES 123456789

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DGFP Recruitment Application for FWV, User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

**বিশেষভাবে উল্লেখ্য, <u>Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।</u>**

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dgfp.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে : DGFP<Space>HELP<Space>USER<Space> User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।

উদাহরণ : DGFP HELP USER ABCDEDF

ii) PIN Number জানা থাকলে : DGFP<Space>HELP<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

উদাহরণ : DGFP HELP PIN 123456789

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া **vas.query@teletalk.com.bd** ইমেইলে যোগাযোগ করা যাবে। (ইমেইলের Subject এ DGFP, xxxxxxxxxxxxx (পদের নাম), Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ড. আশরাফুন্নেছা)
যুগ্ম সচিব ও
পরিচালক (প্রশাসন) এবং
সভাপতি
১১-২০ গ্রেডের জনবল নিয়োগ কমিটি